# ফিফা র‍্যাংকিংয়ে রেকর্ড অগ্রগতি, ১০৪ নম্বরে বাংলাদেশ নারী দল



সংগৃহীত ছবি

ফিফা নারী ফুটবলের সর্বশেষ র‍্যাংকিংয়ে রেকর্ড ২৪ ধাপ এগিয়ে ১০৪তম স্থানে উঠে এসেছে বাংলাদেশ। এশিয়ান কাপ বাছাইপর্বে শক্তিশালী বাহরাইন ও মিয়ানমারকে হারানোর ফলেই এই অসাধারণ উন্নতি। র‍্যাংকিংয়ে সবচেয়ে বেশি অগ্রগতি করেছে বাংলাদেশই।

নারী ফুটবলে বাংলাদেশের জন্য এটি এক নতুন মাইলফলক। ফিফার সর্বশেষ প্রকাশিত নারী র‍্যাংকিং অনুযায়ী, বাংলাদেশ ২৪ ধাপ এগিয়ে এখন অবস্থান করছে ১০৪ নম্বরে। গত জুনে তারা ছিল ১২৮তম স্থানে।

এই উন্নতির পেছনে রয়েছে এশিয়ান কাপ বাছাইপর্বে দুর্দান্ত পারফরম্যান্স। যেখানে বাংলাদেশের নারী দল ৩৬ ধাপ এগিয়ে থাকা বাহরাইন এবং ৭৩ ধাপ এগিয়ে থাকা মিয়ানমারকে পরাজিত করে। এই দুই জয়ে ইতিহাস গড়ে প্রথমবারের মতো এশিয়ান কাপের মূল পর্বে জায়গা করে নেয় পিটার বাটলারের শিষ্যরা।

ফিফার এই র‍্যাংকিং হালনাগাদে বাংলাদেশের মতো আর কোনো দল এত বড় অগ্রগতি দেখাতে পারেনি, যা এটিকে আরও তাৎপর্যপূর্ণ করে তোলে।

অন্যদিকে, ইউরো রানার্সআপ স্পেন এক ধাপ এগিয়ে এখন শীর্ষে। আর দীর্ঘদিনের শীর্ষস্থান ধরে রাখা যুক্তরাষ্ট্র নেমে গেছে দ্বিতীয় স্থানে